সংবাদ

তারিখ : 20 JUL 2016
পৃষ্ঠা ... কলাম ...

সিলেটে

# জঙ্গি সন্দেহে দুই বিশ্ববিদ্যালয় ছাত্র আটক

প্রতিনিধি, সিলেট

সিলেটে জঙ্গি সংশ্লিষ্টতার অভিযোগে বিশ্ববিদ্যালয় পড়ুয়া দুই শিক্ষার্থীকে আটক করেছে পুলিশ। এদের একজন আবদুল আজিজ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং অন্যজন মাহমুদুল করিম সিলেটের বেসরকারি বিশ্ববিদ্যালয় লিডিং ইউনিভার্সিটির ছাত্র। সোমবার এদের আটকের পর ঢাকায় নিয়ে যাওয়া হয়েছে। এর মধ্যে শাহজালাল বিশ্ববিদ্যালয়ের ছাত্র আজিজ আনসারুল্লা বাংলা টিমের সঙ্গে জড়িত থাকার কথা পুলিশ স্বীকার করলেও মাহমুদুলের আটকের ব্যাপারে পুলিশের কোন বক্তব্য পাওয়া যায়নি। আটক শিক্ষার্থী মাহমুদুল করিম (২৬) লিডিং ইউনিভার্সিটির আইন বিভাগের মাস্টার্সের ছাত্র এবং নগরীর জালালাবাদ আবাসিক এলাকার বাসিন্দা। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কামরুজ্জামান চৌধুরী মঙ্গলবার বলেন, 'আমি শুনেছি মাহমুদুল করিমকে আটক করেছে পুলিশ। তবে কেন আটক করা হয়েছে এ সম্পর্কে আমি নিশ্চিত নই।' লিডিং ইউনিভার্সিটির প্রক্টর রাশেদুল ইসলাম জঙ্গি : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## জঙ্গি : বিরোধী

(১ম পৃষ্ঠার পর)

রমজান আলীর ছেলে ইব্রাহিম আলী, নোয়াখালীর কবিরহাট উপজেলার নলুয়া গ্রামের আবুল কাশেমের ছেলে ইউসুফ, একই জেলার হাতিয়া উপজেলার ক্বালিরচর গ্রামের শহিদুল হকের ছেলে সাইফুল ইসলাম, ফেনীর ফুলবাড়িয়া উপজেলার দক্ষিণ ধর্মপুর গ্রামের আবুল তাহেদের ছেলে আব্দুল হান্নান, সিরাজগঞ্জের একডালা গ্রামের হযরত আলীর ছেলে আব্দুল মান্নান ও মেহেরপুরের মুজিবনগর উপজেলা মহাজনপুর গ্রামের সাইফুলের ছেলে আহসান হাবীব সজল। আটক মান্নান ও সৌরভ ইসলামী ছাত্রশিবিরের সাথী বলে পুলিশ জানায়। আটককৃতদের থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করা হবে। কুষ্টিয়া মডেল থানার অফিসার ইনচার্জ শাহাবুদ্দিন চৌধুরী বলেন, অভিযান চালিয়ে এক শিক্ষকসহ ৯ জনকে আটক করা হয়েছে। এছাড়া জিহাদি বইপত্র উদ্ধার করা হয়েছে। ম্যাটস'র অধ্যক্ষ ডা. মো. মোস্তাফিজুর রহমান জানান, সকালে অতিরিক্ত পুলিশ সুপার ফোন করে জানান ছাত্রাবাসে অভিযান পরিচালিত হবে।